

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
সমবায় শাখা ডেস্ক-১
www.brdb.gov.bd

জরুরি
সীমিত

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৬.০০.৩৮২.১৮.১১

তারিখ: ১৬ মাঘ ১৪২৫

২৯ জানুয়ারি ২০১৯

বিষয়: **ব্যাখ্যা তলব।**

সূত্র: উপপরিচালক, চুয়াডাঙ্গা এর পত্র নং ৪৬, তারিখঃ ১০/০১/২০১৯খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সূত্রোক্ত পত্র হতে জানা যায় যে দামুড়হুদা ইউসিসিএ লি. এর আবর্তক ঋণ তহবিলের পরিমাণ ৮৪.২৩ লক্ষ টাকা। ২০১৭-১৮ অর্থবছরে ঋণ বিতরণ ৬৩.২০ লক্ষ টাকা এবং সেবামূল্য আদায় ৮.১৪ লক্ষ টাকা। ২০১৭-১৮ অর্থবছরে বেতন-ভাতা খাতে আয় ৫.১৮ লক্ষ টাকা এবং ব্যয় ৯.২৮ লক্ষ টাকা। বছরে অতিরিক্ত ব্যয় (৯.২৮-৫.১৮)= ৪.১০ লক্ষ টাকা যা ইউসিসিএ'র নিজস্ব তহবিল থেকে (১.৩০ লক্ষ টাকা) এবং কর্মচারীদের গ্র্যাচুইটি তহবিল থেকে (২.৮০ লক্ষ টাকা) ব্যয় করা হয় মর্মে পত্রে উল্লেখ করা হয়েছে। পত্রে ইউসিসিএ'র নিজস্ব তহবিল বলতে কী বোঝানো হয়েছে তা বোধগম্য নয়।

২। অন্যদিকে, কর্মচারীদের গ্র্যাচুইটির অর্থ দ্বারা বেতন-ভাতা পরিশোধের বিধান নেই। সমবায় সমিতি বিধিমালার বিধি-৮৫(২) অনুযায়ী “ভবিষ্য তহবিলের অর্থ বাংলাদেশ সমবায় ব্যাংক বা কোন তফসিলি ব্যাংকে জমা রাখিতে হইবে” এবং বিধি- ৮৫(৫) অনুযায়ী “বৎসর শেষে উক্ত তহবিল হইতে প্রাপ্ত সুদ সমিতির সদস্য বা কর্মচারীগণের হিসাবে জমা করিতে হইবে”।

৩। বর্ণিত প্রেক্ষাপটে নিজস্ব তহবিলের ব্যাখ্যাসহ গ্র্যাচুইটির অর্থ হতে কিভাবে কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধ করা হলো তার ব্যাখ্যা আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২৯-১-২০১৯

মোঃ মাহমুদুল হোসাইন খান
পরিচালক

ফোন: +৮৮০২৮১৮০০০৬

ফ্যাক্স: +৮৮০২৮১৮০০০৩

ইমেইল: drfs@brdb.gov.bd

উপপরিচালক, বিআরডিবি, চুয়াডাঙ্গা।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৬.০০.৩৮২.১৮.১১/১(২)

তারিখ: ১৬ মাঘ ১৪২৫

২৯ জানুয়ারি ২০১৯

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।

২৯-১-২০১৯

সুকুমার চন্দ্র দাস
যুগ্মপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)